

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭২৫

२. यन गंनाता সूि छे अरिम भाना (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো সমস্ত জিনিসকে আল্লাহর উপর ন্যস্ত করা

ذِكْنُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ تَسْلِيمِ الْأَشْيَاءِ إِلَى بَارِئِهِ جَلَّ وَعَلَا

আরবী

725 _ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرِ الْعَبْدِيُّ عَنْ سُفْيَانَ عَنْ أَبِي سِنَانٍ عَنْ وَهْبِ بْنِ خَالِدٍ عَنِ اَبْنِ الدَّيْلَمِي قَالَ: أَتَيْتُ أَبِي بْنَ كَعْبِ فَقُلْتُ لَهُ: وَقَعَ فِي نَفْسِي شَيْءٌ مِنَ الْقَدَرِ فَحَدَّتْنِي بِشَيْءٍ لَعَلَّهُ أَنْ يَذْهَبَ مِنْ قَلْبِي فَقَالَ: إِنَّ اللَّهَ لَوْ عَذَّبَ فِي نَفْسِي شَيْءٌ مِنَ الْقَدَرِ فَحَدَّتْنِي بِشَيْءٍ لَعَلَّهُ أَنْ يَذْهَبَ مِنْ قَلْبِي فَقَالَ: إِنَّ اللَّهَ لَوْ عَذَّبَ أَهْلَ سَمَاوَاتِهِ وَأَهْلَ أَرْضِهِ عَذَّبَهُمْ غَيْرَ ظَالِمٍ لَهُمْ وَلَوْ رَحِمَهُمْ كَانَت رَحْمَتُهُ خَيْرًا لَهُمْ مِنْ أَعْمَالِهِمْ وَلَوْ رَحِمَهُمْ كَانَت رَحْمَتُهُ خَيْرًا لَهُمْ مِنْ أَعْمَالِهِمْ وَلَوْ رَحِمَهُمْ كَانَت رَحْمَتُهُ خَيْرًا لَهُمْ مِنْ أَعْمَالِهِمْ وَلَوْ أَنْفَقْتَ مِثْلَ أَرْضِهِ عَذَّبَهُمْ غَيْر هَلَا اللَّهِ مَا قَبِلَهُ اللَّهُ مِنْكَ حَتَّى تُومْمِنَ بِالْقَدَرِ وَتَعْلَمَ أَعْمَالِهِمْ وَلَوْ مُتَ عَلَى غَيْرِ هَذَا أَعْمَالِهِمْ وَلَوْ أَنْفَقْتَ مِثْلَ أَلْفَوْلِهِ ثُمَّ أَتَيْتُ عَيْرِ هَذَا لَكُ مَا أَخْطَأَكَ لَمْ يَكُنْ لِيُصِيبَكَ وَلَوْ مُتَ عَلَى غَيْرِ هَذَا لَكَهُ مَا اللَّهُ بُنَ مَسْعُودٍ فَقَالَ مِثْلَ قَوْلِهِ ثُمَّ أَتَيْتُ حُذَيْفَةَ بْنَ لَلْهُ مِثْلَ وَوْلِهِ ثُمَّ أَتَيْتُ كَبُدَ اللَّهِ بْنَ مَسْعُودٍ فَقَالَ مِثْلَ قَوْلِهِ ثُمَّ أَتَيْتُ كَنَالِتٍ فَطَلَامَ مِثْلَ ذَلك. ... مثلَ ذلك.

الراوي: ابْن الدَّيْلَمِيِّ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 725 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭২৫. ইবনু দাইলামী থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি উবাই বিন কা'ব রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুর কাছে আসলাম এবং তাঁকে বললাম, "ভাগ্যের ব্যাপারে আমার মনে কিছুটা খটকা কাজ করে, কাজেই আমাকে এমন কিছু হাদীস বলুন, হতে পারে এতে আমার মনের সেই খটকা দূর হয়ে যাবে।" তখন উবাই বিন কা'ব রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু বলেন, "যদি আল্লাহ তা'আলা আসমানবাসী ও জমিনবাসীকে শাস্তি দিতে চান, তবে তিনি তাদের প্রতি যুলম করা ছাড়াই তাদেরকে শাস্তি দিতে পারবেন। আর যদি তিনি তাদের প্রতি দয়া করেন, তবে তাঁর দয়া তাদের আমল অপেক্ষা উৎকৃষ্ট হবে। যদি তুমি আল্লাহর রাস্তায় উহুদ পাহাড় সমপরিমাণ দান করো, তবুও আল্লাহ



তা গ্রহণ করবেন না, যতক্ষন না তুমি ভাগ্যের প্রতি ঈমান আনয়ন করবে এবং যতক্ষন না তুমি জানবে যে, তুমি যা পেয়েছো, তা কখনই হারানোর ছিল না, আর যা তোমার হাতছাড়া হয়ে গেছে, তা কখনোই পাওয়ার বিষয় ছিল না। যদি তুমি এর থেকে ভিন্ন আক্রীদা-বিশ্বাস নিয়ে মৃত্যুবরণ করতে, তবে তুমি জাহান্নামে প্রবেশ করতে।"

রাবী বলেন, "তারপর আমি আব্দুল্লাহ বিন মাস'উদ রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুর কাছে আসি, তিনিও অনুরুপ কথা বলেন। এরপর আমি হ্যাইফা বিন ইয়ামান রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুর কাছে আসি, তিনিও অনুরূপ কথা বলেন। তারপর আমি যাইদ বিন সাবিত রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুর কাছে আসলে তিনিও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে অনুরূপ হাদীস বর্ণনা করেন।"[1]

ফুটনোট

[1] আবু দাউদ: ৪৬৯৯; মুসনাদ আহমাদ: ৫/১৮২; ইবনু মাজাহ: ৭৭; ইবনু আবী আসিম, আস সুন্নাহ: ২৪৫; বাইহাকী, আস সুনান: ১০/২০৪; তাবারানী আল কাবীর: ৪৯৪০।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আয যিলাল: ২৪৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন দায়লামী (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন